গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০০.০০৭.১১.০০১৫.২৫-৬৫৪

তারিখ : ১১ কার্তিক ১৪৩২ / ২৭ অক্টোবর ২০২৫

**নিয়োগ বিজ্ঞপ্তি**

পরিবেশ অধিদপ্তরের অধীনে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://doe.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না। পদের নাম, বয়সসীমা, যোগ্যতা, বেতন স্কেল ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপ:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | হিসাবরক্ষক<br>(গ্রেড-১২)<br>বেতনস্কেল: ১১৩০০-২৭৩০০/- | ১৩টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটারে এমএস অফিস এবং এমএস এক্সেলে কাজের সনদ। |
| ২ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল: ১১০০০-২৬৫৯০/- | ১১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>গ) সাঁটলিপি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ৫০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ৩০ শব্দের গতিসম্পন্ন। |
| ৩ | উচ্চমান সহকারী<br>(গ্রেড-১৪)<br>বেতনস্কেল: ১০২০০-২৪৬৮০/- | ০৩টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ৩০ শব্দের গতিসম্পন্ন। |
| ৪ | ড্রাফটসম্যান (নন-ডিপ্লোমা)<br>(গ্রেড-১৫)<br>বেতনস্কেল: ৯৭০০-২৩৪৯০/ | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে সিভিল ড্রাফটিং ট্রেডসহ অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫ | গবেষণাগার সহকারী<br>(গ্রেড-১৫)<br>বেতনস্কেল: ৯৭০০-২৩৪৯০/- | ১৭টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | ডাটা এন্ট্রি অপারেটর<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ৩৩টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৭ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দের গতিসম্পন্ন। |
| ৮ | নমুনা সংগ্রহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ৩২টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯ | লাইব্রেরী সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসম্পন্ন। |
| ১০ | ক্যাশিয়ার<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৩টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে এমএস অফিস এবং এমএস এক্সেলে কাজের সনদ। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | স্টোর কিপার<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৫টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে এমএস অফিস এবং এমএস এক্সেলে কাজের সনদ। |
| ১২ | গাড়িচালক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) হালকা অথবা ভারী যানবাহন চালনার লাইসেন্স;<br>গ) গাড়ি চালনায় অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৩ | প্রসেস সার্ভার<br>(গ্রেড-১৮)<br>বেতনস্কেল: ৮৮০০-২১৩১০/- | ০২টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪ | ক্যাশ সরকার<br>(গ্রেড-১৯)<br>বেতনস্কেল: ৮৫০০-২০৫৭০/- | ০১টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫ | ল্যাব এটেনডেন্ট<br>(গ্রেড-১৯)<br>বেতনস্কেল: ৮৫০০-২০৫৭০/- | ১৬টি | কোনো স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬ | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/- | ৪৮টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | মোট | ১৮৮ টি | |

**২। আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১/১০/২০২৫ তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

**(খ) বর্ণিত ছকের ২, ৩ ও ৭ নং ক্রমিকে উল্লিখিত সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।**

(গ) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০, সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ঙ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(চ) পরিবেশ অধিদপ্তরে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকরিরত কর্মচারীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে আবেদন করতে পারবেন এবং আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের দাপ্তরিক তথ্য যাচাই করা হবে।

(ছ) চাকরিরত সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(জ) যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে সে সকল প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে NID নম্বর উল্লেখ করবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে জন্মনিবন্ধন নম্বর উল্লেখ করবেন।

(ঝ) সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাকে প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

(ঞ) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল পদের পরীক্ষা একই তারিখে হওয়ার সম্ভবনা থাকায় প্রার্থীগণকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ প্রদান করা হলো ।

(ট) আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঠ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড) নতুন পদসৃষ্টি, পদ বিলুপ্তি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ এবং অপসারণ ইত্যাদি কারণে পদ শূন্য হলে পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।

**৩। প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং নবম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র)।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/প্রশাসক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অথবা নবম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি।
(চ) ডাউনলোডকৃত Applicant's Copy এর সত্যায়িত অনুলিপি।
(ছ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত অনুলিপি।

**৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী:**
(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://doe.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০/১০/২০২৫ সকাল ১০.০০ টা।
(ii) Online-আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/১১/২০২৫ বিকাল ০৫.০০ টা পর্যন্ত।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।
(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্য সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং ০১ এ উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/-(দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/-(আঠারো) টাকাসহ সর্বমোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ক্রমিক নং ২-১২ উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/-(বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং ১৩-১৬ এ উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। **তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীরা পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** **DOE**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: DOE ABCDEF Reply: Applicant's Name, TK 168/- or 112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To Confirm fee Type DOE<space>YES<space>PIN and Send to 16222.

**দ্বিতীয় SMS:** **DOE**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: DOE YES 12345678 Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for DOE Application for the post of XXXXXXXXX, User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://doe.teletalk.com.bd অথবা পরিবেশ অধিদপ্তরের www.doe.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **DOE**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222
Example: DOE HELP User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে: **DOE**<space>**Help**<space>**PIN**<space>**PIN NO** & Send to 16222.
Example: DOE HELP PIN 12345678



(ঝ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail / Message এর Subject-এ Organization Name: DOE, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

(ঠ) পত্রিকা ছাড়াও পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে www.doe.gov.bd এ বিজ্ঞপ্তি সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.doe.gov.bd ওয়েবসাইট এবং নোটিশবোর্ডে হতে জানা যাবে।

৫। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

**পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code**

**পরিবেশ অধিদপ্তরের টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code**

২৭/১০/২৫

(সৈয়দ ফরহাদ হোসেন)
পরিচালক (যুগ্মসচিব)
(মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি